



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/নতুন/বিদ্যা/ময়মন/২০১৯/ ২৬৮৮

তারিখ : ২৬/০২/১৯

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭-১৩৭ তারিখ :

তারিখ : ০৪/০৭/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্মতি জ্ঞাপন করায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আপনার বিদ্যালয়ে ০১/০১/২০১৯ হতে ৩১/১২/২০২১ ইং তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে (নবম ও দশম) মানবিক বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগের পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

মাধ্যমিক পর্যায়ে পঠিত বিভাগ ও বিষয় সমূহ

আবশ্যিক: সকল শাখার জন্য	:	বাংলা, ইংরেজি, গণিত, ধর্ম ও নৈতিক শিক্ষা (ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধ ও নৈতিক শিক্ষা) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
মানবিক আবশ্যিক	:	বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা, ভূগোল ও পরিবেশ, অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা, বিজ্ঞান
মানবিক ঐচ্ছিক	:	অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা।
বিজ্ঞান আবশ্যিক	:	পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান/উচ্চতর গণিত, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়।
বিজ্ঞান ঐচ্ছিক	:	জীববিজ্ঞান/উচ্চতর গণিত/কৃষি শিক্ষা।
ব্যবসায় শিক্ষা আবশ্যিক	:	ব্যবসায় উদ্যোগ, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স ও ব্যাংকিং, সাধারণ বিজ্ঞান
ব্যবসায় শিক্ষা আবশ্যিক	:	ভূগোল ও পরিবেশ/বাংলাদেশ ও বিশ্ব পরিচয়
ধারাবাহিক মূল্যায়ন	:	শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা, ক্যারিয়ার শিক্ষা

শর্তসমূহ :

- প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- এ পত্র ইস্যুর তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।
- বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর সংখ্যা বাড়াতে হবে এবং শ্রেণির ব্লাকবোর্ড, বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করার জন্য শিক্ষক/শিক্ষিকাগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা যাবে না।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যানের মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক : প্রধান শিক্ষক

বাবর রাবেয়া নগর আইটি জুনিয়র স্কুল (EIIN- 136309)

উপজেলা : মুক্তাগাছা, জেলা : ময়মনসিংহ।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং- ২৬৮৮ (২)

তারিখ : ২৬/০২/১৯

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- পরীক্ষা নিয়ন্ত্রক, ময়মনসিংহ শিক্ষা বোর্ড।
- উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- অফিস কপি।

২৩.৭.১৭

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।